দৈনিক বাংলা

তারিখ ২৪।৭।৮০
পৃষ্ঠা ....... কলাম

172



# বিমানবাহিনীর নয়া স্টাফপ্রধান এয়ার কমোডর সুলতান মাহমুদ

গ্রুপ ক্যাপ্টেন সুলতান মাহমুদ, বীর উত্তম, এসিএসসি, এয়ার কমোডর পদে উন্নীত হয়েছেন এবং গতকাল বৃহস্পতিবার থেকে তাঁকে বাংলাদেশ বিমানবাহিনীর স্টাফ প্রধান নিয়োগ করা হয়েছে বলে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের এক নোটিফিকেশনের উদ্ধৃতি দিয়ে আইএসপিআর এক প্রেস বিজ্ঞপ্তিতে জানিয়েছেন।

অপর এক নোটিফিকেশনে বলা হয়েছে যে এয়ার ভাইস মার্শাল সদরুদ্দিন, বিপি, একই তারিখ থেকে অবসর গ্রহণ করেছেন।

বিমানবাহিনীর নবনিযুক্ত স্টাফ প্রধান এয়ার কমোডর সুলতান মাহমুদ, বিইউ এসিএসসি, ১৯৪৪ সালে নোয়াখালী জেলায় জন্মগ্রহণ করেন।

জনাব নুরুল হুদার দ্বিতীয় পুত্র এয়ার কমোডর মাহমুদ শৈশবে

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## সুলতান মাহমুদ

(প্রথম পৃঃ পর)

ঢাকার আর্মানীটোলা হাইস্কুলে লেখাপড়া করেন এবং ১৯৫৯ সালে সারগোদা পিএএফ পাবলিক স্কুল থেকে প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ হন।

এয়ার কমোডর সুলতান মাহমুদ ১৯৬২ সালে এয়ার ফোর্স একাডেমী, রিসালপুর, পাকিস্তান থেকে ফ্লাইং ব্যাচে ডিগ্রি লাভ করেন।

অপারেশনাল ফাইটার পাইলট ও সেই সঙ্গে অপারেশনাল হেলিকপ্টার পাইলট এয়ার কমোডর মাহমুদ ১৯৬৬ সালে ইরানের ফাইটার লীডার স্কুলে প্রশিক্ষণ গ্রহণ করেন। তিনি পাকিস্তানের ফ্রন্টিয়ার ওয়ার্কস সংগঠনসহ বিভিন্ন স্থানে কাজ করেন।

এয়ার কমোডর মাহমুদ ১৯৭১ সালে স্বাধীনতা যুদ্ধে সক্রিয় অংশগ্রহণ করেন এবং ১ নং সেক্টরে তদানীন্তন সেক্টর কমান্ডার মরহুম প্রেসিডেন্ট জিয়াউর রহমানের অধীনে সাহসিকতার সঙ্গে যুদ্ধ করেন।

তিনি মুক্তিবাহিনীর প্রথম বিমানবাহিনী দল পরিচালনা করেন এবং পরে যুদ্ধের সময় বহু অভিযান মিশনে অংশ নেন। কর্তব্যের আহবান ছাড়াও সাহসিকতা ও নিষ্ঠার পুরস্কার হিসেবে তাঁকে বীর উত্তম খেতাবে ভূষিত করা হয়।

যুক্তরাষ্ট্রের এয়ার কম্যান্ড এন্ড স্টাফ কলেজ, যুক্তরাষ্ট্রের একাডেমিক ইন্সট্রাক্টর স্কুল ও সোভিয়েট ইউনিয়নের হেলিকপ্টার ট্রেনিং স্কুলের গ্রাজুয়েট এয়ার কমোডর মাহমুদ বাংলাদেশ বিমানবাহিনীর বিভিন্ন স্কোয়াড্রন ও উইংস পরিচালনা করেন। তিনি ১৯৭৩ সালে বিএএফ ঘাঁটি, বাশার (ঢাকা), ১৯৭৫-৭৬ সালে বিএএফ ঘাঁটি, লালমনিরহাট ও ১৯৭৮-৮১ সালে বিএএফ ঘাঁটি, মতিউর রহমান (যশোর) পরিচালনা করেন। তিনি যশোরে ক্যাডেট ট্রেনিং উইংও পরিচালনা করেন।

বিমানবাহিনী স্টাফপ্রধান নিযুক্ত হওয়ার আগে এয়ার কমোডর মাহমুদ বিমানবাহিনীর সহকারী স্টাফপ্রধানের (প্রশাসন) দায়িত্ব পালন করেন।

এয়ার কমোডর মাহমুদের দুটো সন্তান রয়েছে।

তিনি খেলাধুলা ও বক্সিং-এ উৎসাহী।